



মুজিব  
মজুর 100

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
চৌহালী, সিরাজগঞ্জ  
chauhali.sirajganj.gov.bd

নথর- ০৫.৪৩.৮৮২৭.০০০.০৩.০০১.২১- ৬২৩

তারিখ : ১১ জ্যৈষ্ঠ ১৪২৮ ব.  
২৫ মে ২০২১ খ্রি.

### নিয়োগ বিজ্ঞপ্তি

সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূন্য পদের বিপরীতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩ (১) অনুযায়ী গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ করা হবে। নিম্নে উল্লেখিত শূন্যপদ সরাসরি নিয়োগের মাধ্যমে অস্থায়ীভাবে পূরণের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডের নাগরিকের মধ্যহতে আঞ্চলীয় প্রার্থীগণের নিকট নিম্নবর্ণিত শর্তে স্বত্ত্বে নিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	পদের নাম	শূন্য পদ	নিয়োগের জন্য বয়সসীমা	নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	বেতন ভাতা
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১.	সদিয়া চাঁদপুর	০১	মহল্লাদার	০১	সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩০ বছর পর্যন্ত	* যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অস্তম শ্রেণী অথবা জুনিয়র ক্লাস সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। *পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে শারীরিক যোগ্যতা- ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি; খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি;. *মহিলা প্রার্থীদের ক্ষেত্রে শারীরিক যোগ্যতা- ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি;	সরকারি অংশ ৩২৫০/- এবং ইউপি অংশ ৩২৫০/- সর্বমোট ৬,৫০০/- এ ছাড়া সরকার প্রদত্ত অন্যান্য ভাতা
০২.	যোড়জান	০৯	মহল্লাদার	০১			
০৩.	উমারপুর	০৩	মহল্লাদার	০১			
০৪.	খাসকাটলিয়া	০৬, ০৭	মহল্লাদার	০২			
সর্বমোট নিয়োগযোগ্য মহল্লাদার পদের সংখ্যা				০৫			

#### শর্তাবলি:

- ১) উপরে বর্ণিত পদ সমূহে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে “উপজেলা নির্বাহী অফিসার” চৌহালী, সিরাজগঞ্জ বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে ১৫০/- (একশত পঁঠাশ) টাকার ব্যাংক ড্রাফ্ট সংযুক্ত করতে হবে।
- ২) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডের বাসিন্দা হলে অস্থাধিকার প্রদান করা হবে। প্রার্থীদের ৬ ও ৭নং কলামের যোগ্যতা থাকতে হবে।
- ৩) নিয়োগপ্রাপ্ত মহল্লাদারকে সংশ্লিষ্ট থানায় ০১ (এক) মাসের প্রশিক্ষণ নিতে হবে। কোন মহল্লাদার যথাযথভাবে তার প্রশিক্ষণ সমাপ্ত করতে না পারলে তার নিয়োগ বাতিল করা যাবে।
- ৪) আবেদনপত্রে প্রার্থীর (ক) নিজের নাম (খ) মাতার নাম (গ) পিতা/স্থায়ীর নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) বয়স/জন্ম তারিখ (জন্মসনদ দাখিল করতে হবে) (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) নিজ জেলা (ঝঝ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক আগামী ১৫/০৬/২০২১ খ্রি। তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আবেদনপত্র দাখিল করতে হবে।
- ৫) প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৬) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সত্ত্বান হলে সে ক্ষেত্রে পিতা মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ৭) আবেদনপত্রের সাথে নিম্ন লিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:
  - (ক) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের (০৩) তিন কপি ছবি।
  - (খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার প্রমাণ স্বরূপ সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
  - (গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
  - (ঘ) সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য কর্তৃক ঐ ওয়ার্ডের বাসিন্দা সম্পর্কিত সার্টিফিকেট, যা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রতিষ্ঠানীর হতে হবে।
  - (ঙ) প্রার্থীর নিজস্ব ঠিকানা (ডাক ঠিকানা) স্পষ্টাক্ষরে লিখিত ৯.৫×৪.৫ ইঞ্চি খামের উপরে ১০/- টাকার ডাক টিকেটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।
  - (চ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি/জন্ম নিবন্ধন সনদ প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত অনুলিপি।
  - (ছ) এতিম ও প্রতিবন্ধী, উপজাতি, আনসোর ও ভিত্তিপি, পোষ্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি।
- ৮) নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে।
- ৯) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

✓

পাতা-০২

- ১০) চূড়ান্ত নির্বাচনী পরীক্ষার সময়ে প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা ও দাখিলকৃত অন্যান্য সনদের মূলকপি প্রদর্শণ করতে হবে।  
 ১১) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।  
 ১২) আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।  
 ১৩) কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকে যে কোন নিয়োগ সূজিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।  
 ১৪) নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোছাঃ আফসানা ইয়াসমিন  
 উপজেলা নির্বাহী অফিসার  
 চৌহালী, সিরাজগঞ্জ  
 ফোন # ০১৭৩৩-৩৩৫০৩৮ (দাপ্তরিক)  
 E-mail: unochowhali@mopa.gov.bd

নম্বর- ০৫.৪৩.৮৮২৭.০০০.০৩.০০১.২১- ০২০

তারিখ : ১১ জ্যৈষ্ঠ ১৪২৮ ব.  
 ২৫ মে ২০২১খ্রি।

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো)

- ০১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌহালী, সিরাজগঞ্জ
- ০৪। উপজেলা ..... অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ
- ০৫। সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, চৌহালী, সিরাজগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, চৌহালী, সিরাজগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তি চোল সহরত সহকারে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সচিব ..... ইউনিয়ন পরিষদ, চৌহালী, সিরাজগঞ্জ
- ০৭। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, চৌহালী/এনায়েতপুর, চৌহালী, সিরাজগঞ্জ
- ০৮। নোটিশ বোর্ড/অফিস কপি

মোছাঃ আফসানা ইয়াসমিন  
 উপজেলা নির্বাহী অফিসার  
 চৌহালী, সিরাজগঞ্জ  
 ফোন # ০১৭৩৩-৩৩৫০৩৮ (দাপ্তরিক)  
 E-mail: unochowhali@mopa.gov.bd